



স্মারক নং: ২৮.১৩.০০০০.০০০.২৯৮.৩৭.০০১৪.২৫.৫৭


তারিখ: ২০/০৫/২০২৬ খ্রি.

এতদ্বারা তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি এর ১.১ ও ১.২ শ্রেণির তালিকাভুক্ত সকল ঠিকাদারী প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫, ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের জন্য তালিকাভুক্তি নবায়ন ও পরিচয়পত্র গ্রহণ করার লক্ষ্যে আগ্রহী ঠিকাদারগণকে কোম্পানীর প্রধান কার্যালয়ে অবস্থিত হিসাব বিভাগের নগদ ও ব্যাংক শাখা হতে আগামী ০২/০৬/২০২৬ খ্রি. তারিখ হতে ০১/০৭/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত সকল কর্মদিবসে সকাল ০৯.০০ ঘটিকা হতে ১৩.০০ ঘটিকা পর্যন্ত সময়ে নগদ ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র অফেরতযোগ্য মূল্যে তালিকাভুক্তি নবায়নের আবেদন ফরমসহ তফসীল বই এবং ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী ও প্রতিনিধিগণের আইডি কার্ড বাবদ প্রত্যেকের জন্য পৃথক ভাবে নগদে ২০০/- (দুইশত) টাকা মাত্র করে জমা দিয়ে আবেদন ফরম ও তফসীল বই সংগ্রহ করতে পারবেন। আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি দাখিল করতে হবে:

১. আবেদনপত্র ক্রয়ের রশিদের মূলকপি।
২. নবায়ন ফি বাবদ ১.১ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতি অর্থবছরের নির্ধারিত ২০০০/- (দুই হাজার) টাকা হারে সর্বমোট ৬,০০০/- (ছয় হাজার) টাকা মাত্র এবং ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতি অর্থবছরের জন্য নির্ধারিত ৮০০০/- (আট হাজার) টাকা হারে সর্বমোট ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা মাত্র কোম্পানীর প্রধান কার্যালয়ে অবস্থিত হিসাব বিভাগের নগদ ও ব্যাংক শাখায় জমা প্রদানের রশিদের মূলকপি।
৩. নিরাপত্তা জামানত হিসাবে ১.১ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা মাত্র এবং ১.২ শ্রেণির জন্য ৪০,০০০/- (চল্লিশ হাজার টাকা মাত্র) নগদ হিসাবে জমা প্রদান করতে হবে। ইতোপূর্বে জমাকৃত রশিদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। উল্লেখ্য, যে সকল ঠিকাদারী প্রতিষ্ঠানের ইতোপূর্বে জামানতখাতে নিরাপত্তা জামানত হিসাবে সঞ্চয়পত্র/ ব্যাংক গ্যারান্টি জমা আছে, তাদের সঞ্চয়পত্র/ ব্যাংক গ্যারান্টির অর্থ জামানত হিসাবে বিবেচিত হবে না। সেই সকল প্রতিষ্ঠানসমূহকে নগদ নিরাপত্তা জামানত জমা প্রদান করতে হবে।
৪. হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স-এর সত্যায়িত ফটোকপি।
৫. হালনাগাদ আয়কর প্রত্যয়ন পত্রের সত্যায়িত ফটোকপি।
৬. মেয়াদকালীন সময়ে মেয়াদী ওয় পক্ষের দায়বীমা পলিসি গ্রহণ করতে হবে। প্রতিটি দুর্ঘটনার ওয় পক্ষের দায় হবে ন্যূনতম ৫০,০০০/- (পঞ্চাশ) হাজার টাকা মাত্র। এই ক্ষেত্রে দুর্ঘটনার সংখ্যা সীমিত নয়।
৭. আবেদন ফর্মের সাথে সংযুক্ত নির্ধারিত ফরমেট অনুযায়ী বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে সর্বাধিক ০২ (দুই) মাস পূর্ব পর্যন্ত ইস্যুকৃত ন্যূনতম ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার চলতি হিসাবের ব্যাংক সচ্ছলতা সনদ পত্রের মূলকপি।
৮. লোকবলের তালিকা (তালিকাভুক্তি তফসীল এর তালিকাভুক্তি/ নবায়নের সাধারণ শর্তাবলীর ১৪.১ ধারা অনুযায়ী) এবং কারিগরী লোকজনের নিয়োগপত্র ও সনদপত্রের সত্যায়িত ফটোকপি (সংশ্লিষ্ট শাখা হতে প্রত্যায়িত)। উল্লেখ্য, অন্য ঠিকাদারী প্রতিষ্ঠানের ছাড়পত্রপ্রাপ্ত ফিটারগণের ক্ষেত্রে ছাড়পত্রের মূলকপি ও যোগদানপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
৯. কার্যক্রম যন্ত্রপাতি, মেশিনারী ও সাজ-সরঞ্জামের তালিকা (তালিকাভুক্তি তফসীল এর তালিকাভুক্তি/নবায়নের সাধারণ শর্তাবলী ১৪.২ ধারা অনুযায়ী) মেশিনারীর ক্ষেত্রে রেজি: নং, ইঞ্জিন নং ও চেসিস নং উল্লেখ করতে হবে।
১০. সর্বশেষ অর্থবছরে ইস্যুকৃত তালিকাভুক্তি নবায়নের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

তালিকাভুক্তি তফসীলের চাহিদা মোতাবেক উপরোল্লিখিত কাগজপত্রাদি/দলিলপত্র সংযোজন পূর্বক উপমহাব্যবস্থাপক, টেন্ডারিং এন্ড এনলিস্টমেন্ট ও সদস্য সচিব ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদার নিয়ন্ত্রন কমিটি এর কার্যালয়, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বানিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫ ঠিকানায় আগামী ০২/০৬/২০২৬ খ্রি. তারিখ হতে ০১/০৭/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত সকল কার্যদিবসে সকাল ১১.০০ ঘটিকা হতে ১৪.০০ ঘটিকা পর্যন্ত আবেদনপত্র দাখিল করা যাবে। আবেদনপত্র ক্রয় ও দাখিলের শেষ দিন কোন কারনে বন্ধ থাকলে তৎপরবর্তী কার্যদিবসের একই সময়ে শেষ তারিখ হিসাবে গণ্য হবে। গ্যাস পাইপলাইন নির্মাণকারী ৪র্থ (১.১) ও ৩য় (১.২) শ্রেণির ঠিকাদারগণের জন্য তালিকাভুক্তির তফসিলের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে। উল্লেখ্য, যে সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বর্তমানে স্থগিত কিংবা কালো তালিকাভুক্তি আছে তারা আবেদনপত্র ক্রয় ও দাখিলের জন্য অযোগ্য বলে বিবেচিত হবে এবং তফসিলের শর্তাবলী প্রতিপালন না করলে অথবা আবেদনপত্রের ছবি ও পরিচয়পত্রের ছবির উপরে সীল, স্বাক্ষর বা অস্পষ্ট ছবি প্রদান করলে এবং অসম্পূর্ণ আবেদন পত্র দাখিল করলে তা নবায়নের অযোগ্য বলে বিবেচিত হবে।

উল্লেখ্য, কোন অবস্থাতেই ১.১ ও ১.২ শ্রেণির ২০২৪-২৫, ২০২৫-২৬, ২০২৬-২৭ অর্থবছরের তালিকাভুক্তি নবায়নের সময়সীমা বৃদ্ধি করা হবে না।


সুরজিত কুমার দে

উপমহাব্যবস্থাপক, টেন্ডারিং ও এনলিস্টমেন্ট
বিভাগ